দৈনিক বাংলা

তারিখ 13 AUG 1985
পৃষ্ঠা 7 কলাম 3

004

# ১৪টি প্রাথমিক বিদ্যালয় সরকার হাতে নিলেন

(স্টাফ রিপোর্টার)

দেশের বিভিন্ন জেলার ১৪টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়কে সরকারীকরণ করা হয়েছে। গত ১লা জুলাই থেকে এই ১৪টি প্রাথমিক বিদ্যালয় সরকারী প্রাথমিক বিদ্যালয় বলে গণ্য হবে। ১৯৭৪ সালের প্রাথমিক বিদ্যালয় (অধিগ্রহণ) আইনবলে এসব বিদ্যালয় সরকারীকরণ করা হয়। খবর: সরকারী গেজেট বিজ্ঞপ্তি সূত্রের।

যে ১৪টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় সরকারীকরণ করা হয়েছে সেগুলি হচ্ছে: নিলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার উত্তরপাড়া গ্রাম প্রাথমিক বিদ্যালয়, কুড়িগ্রামের উলিপুর উপজেলার রেফরু প্রাথমিক বিদ্যালয় ও ভরকপুর সরদারপাড়া প্রাথমিক বিদ্যালয়, ঢাকার মীরপুর থানার পীরেরবাগ প্রাথমিক বিদ্যালয়, ফরিদপুরের ভেদরগঞ্জ উপজেলার চোরকাঠি মধ্যবাড়ি প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লার লাকসাম উপজেলার হাজিপুরা সমশেরপুর প্রাথমিক বিদ্যালয়, ঝালকাঠি সদর উপজেলার উত্তরপাড়া আদর্শ প্রাথমিক বিদ্যালয় ঈশ্বরদীর গোকুলনগর প্রাথমিক বিদ্যালয়, খুলনার বটিয়াঘাটা কুলটিয়া প্রাথমিক বিদ্যালয়, টাঙ্গাইলের জামালপুর উপজেলার পলাশিয়া প্রাথমিক বিদ্যালয়, কুমিল্লার চৌদ্দগ্রাম উপজেলার নাটাপাড়া প্রাথমিক বিদ্যালয় চাঁদপুরের মতলব উপজেলার নয়নগর প্রাথমিক বিদ্যালয় গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলার দামগাছা প্রাথমিক বিদ্যালয় এবং বাগেরহাট সদর উপজেলার সায়েরা লক্ষ্মীখালি প্রাথমিক বিদ্যালয়।